

আল-মুরসালাত | Al-Mursalat | الْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ৩৫

আরবি মূল আয়াত:

﴿٣٥﴾ هَذَا يَوْمٌ لَا يَنْطِقُونَ

Aর্থ অনুবাদসমূহ:

এটা এমন দিন যেদিন তারা কথা বলবে না। — আল-বায়ান

এদিন এমন যে, কেউ কথা বলতে পারবে না, — তাইসিরুল

ইহা এমন একদিন যেদিন কারও বাকস্ফূর্তি হবেনা। — মুজিবুর রহমান

This is a Day they will not speak, — Sahih International

৩৫. এটা এমন এক দিন যেদিন না তারা কথা বলবে(১),

(১) অর্থাৎ সেদিন কেউ কথা বলতে পারবে না এবং কাউকে কৃতকর্মের ওয়র পেশ করার অনুমতি দেয়া হবে না।
অন্যান্য আয়াতে কাফেরদের কথা বলা এবং ওয়র পেশ করার কথা রয়েছে। সেটা এর পরিপন্থী নয়। কেননা,
হাশরের ময়দানে বিভিন্ন স্থান আসবে। কোন স্থানে ওয়র পেশ করা নিষিদ্ধ থাকবে এবং কোন স্থানে অনুমতি দেয়া
হবে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৩৫) এটা এমন একদিন যেদিন কারো মুখে কথা ফুটবে না। [1]

[1] হাশরের ময়দানে কাফেরদের বিভিন্ন অবস্থা হবে। একটি সময় এমনও হবে যখন তারা সেখানেও মিথ্যা
বলবে। অতঃপর আল্লাহ তাআলা তাদের মুখে মোহর মেরে দেবেন এবং তাদের হাত-পা সাক্ষ দেবে। তারপর
যখন তাদেরকে জাহানামে নিয়ে যাওয়া হবে, তখন অতীব চাপ্তল্যকর পরিস্থিতিতে তাদের জবান বোবা হয়ে যাবে।
কেউ কেউ বলেছেন, তারা কথা তো বলবে; কিন্তু তাদের (বাঁচার) কোন হজ্জত-দলীল থাকবে না। এমন
পরিস্থিতির সৃষ্টি হবে যে, মনে হবে তারা যেন কথা বলতেই জানে না। যেমন, যার কাছে কোন যুক্তিগ্রাহ্য ওজর বা
সন্তোষজনক দলীল থাকে না, এমন ব্যক্তি সম্পর্কে দুনিয়াতে আমরা বলি যে, সে তো আমাদের সামনে কথা
বলতেই পারবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5657>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন